দৈনিক
ইনকিলাব

তারিখ 08 DEC 2008
পৃষ্ঠা ১২ কলাম ৫

# রংপুর বিশ্ববিদ্যালয়সহ ১৪-প্রকল্প একনেকে অনুমোদন

অর্থনৈতিক রিপোর্টার : দেশের উত্তরাঞ্চলে উচ্চ শিক্ষার সুযোগ-সৃষ্টি করতে 'রংপুর বিশ্ববিদ্যালয় স্থাপন' শীর্ষক প্রকল্প জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটিতে (একনেক) অনুমোদন হয়েছে। ৯৯ কোটি টাকা ব্যয়ে ওই বিশ্ববিদ্যালয় নির্মাণের কাজ শেষ হবে ২০১২ সালে। এছাড়াও ১৩৮ কোটি টাকা ব্যয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের অতি পুরনো স্থাপনাদি মেরামত ও সংস্কার সংক্রান্ত অপর একটি প্রকল্প একনেক অনুমোদন পৃঃ ১৮ কঃ ৫

## রংপুর বিশ্ববিদ্যালয়সহ ১৪ প্রকল্প

১২-এর পৃষ্ঠার পর

করেছে। গতকাল (রোববার) শেরে বাংলানগরস্থ এনইসি সম্মেলন কক্ষে ঐ দুটি প্রকল্পসহ মোট ২ হাজার ৯৫৪ কোটি টাকা ব্যয় সংবলিত ১৪টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হয়। প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ সভায় সভাপতিত্ব করেন। বৈঠকে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৫ম পর্যায়) শীর্ষক অপর একটি বড় ব্যয় সম্পন্ন প্রকল্প অতীতে কতটুকু বাস্তবায়ন হয়েছে তা পরীক্ষা-নিরীক্ষার নির্দেশ দেয়া হয়েছে। এ সংক্রান্ত রিপোর্ট পুনরায় একনেকে উপস্থাপন হলেই তার পরই কেবল প্রকল্পটি অনুমোদন করা হবে বলে বৈঠক শেষে জানিয়েছেন অর্থ উপদেষ্টা ড. মির্জ্জা আজিজুল ইসলাম।

অনুমোদিত রংপুর বিশ্ববিদ্যালয় প্রকল্পটির উদ্দেশ্য হচ্ছে উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি ও শিক্ষায় আঞ্চলিক ভারসাম্য রক্ষা করা। পাবলিক বিশ্ববিদ্যালয়ের মেরামত ও সংস্কার সংক্রান্ত প্রকল্পটি বাস্তবায়ন হলে ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বুয়েট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, দেশের বিভিন্ন প্রকৌশল, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ গুরুত্বপূর্ণ পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর অবকাঠামো পুনর্বাসন ও পুনর্নির্মাণের মাধ্যমে ছাত্রছাত্রীরা উপকৃত হবে।

প্রকল্পে যেসব কাজ অন্তর্ভুক্ত থাকবে সেগুলোর মধ্যে রয়েছে বিশ্ববিদ্যালয়গুলোর পুরনো ও সংস্কারযোগ্য একাডেমিক ভবন, ছাত্র হল, প্রশাসনিক ভবন ও আবাসিক ভবনসমূহের পুনর্বাসন ও পুনর্নির্মাণ, বিশ্ববিদ্যালয়গুলোর অভ্যন্তরীণ রাস্তা, ড্রেনেজ ব্যবস্থা, পানি সরবরাহ ব্যবস্থা, বৈদ্যুতিক লাইন, বৈদ্যুতিক সাবস্টেশন ও টেলিফোন লাইন পুনঃস্থাপন ও সংস্কার। এই প্রকল্পের কাজ শেষ হবে ২০১১ সালে।

গতকাল একনেকে আরো যেসব প্রকল্প অনুমোদন করা হয় সেগুলোর মধ্যে গুরুত্বপূর্ণ হচ্ছে- পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা-সুবিধা উন্নয়নকল্পে বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প, দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, ১০-শহর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প, নারায়ণগঞ্জ সংযোগ সড়ককে ৪ লেইনে উন্নীতকরণ প্রকল্প ইত্যাদি।